



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ফোন: ০২৪৭-৮৬০০৫৪  
ফ্যাক্স: ০৭২১-৮৬২৪৫৬  
ই-মেইল: dgmict@rakub.org.bd

সার্কুলার লেটার নং আইসিটিবি-০৩/২০১৭

তারিখ: ০৯-০৫-২০১৭

বিষয়: কম্পিউটারাইজড শাখায় জেনারেটর ভাড়া ও জ্বালানী খরচ নির্ধারণ এবং বিবিধ খাতে শাখা ব্যবস্থাপকের আর্থিক ক্ষমতা বৃদ্ধি প্রসঙ্গে

আইসিটি বিভাগের ২৯-০৫-২০১৩ তারিখের আইসিটিবি-০৩/২০১৩ নম্বর সার্কুলারের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

১। উপর্যুক্ত সার্কুলারে কম্পিউটারাইজড শাখায় জেনারেটর ভাড়া ও জ্বালানী খরচ নির্ধারণ এবং বিবিধ খাতে শাখা ব্যবস্থাপকের আর্থিক ক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছে:

“ক) কম্পিউটারাইজড শাখার ব্যবস্থাপকগণকে জেনারেটর ভাড়া বাবদ বিবিধ খাত হতে দৈনিক সর্বোচ্চ ২০০/- (দুই শত) টাকা এবং জ্বালানী বাবদ দৈনিক সর্বোচ্চ ২০০/- (দুই শত) টাকা হারে প্রতি মাসে সর্বোচ্চ ৮,০০০/- (আট হাজার) টাকা খরচের ক্ষমতা প্রদান করা হলো। উক্ত ৮,০০০/- টাকা পর্যদ সচিবালয়ের সার্কুলার নং-পস ০১/২০০৮ এর ৪১(খ) নং অনুচ্ছেদে বিবিধ খাতে শাখা ব্যবস্থাপকগণকে প্রদত্ত মাসিক সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকার অতিরিক্ত হিসেবে গণ্য হবে। শাখা ব্যবস্থাপকের আর্থিক ক্ষমতা ০১ মার্চ ২০১২ হতে কার্যকর হবে।


খ) কম্পিউটারাইজড শাখাসমূহে সোলার প্যানেল ইউনিট স্থাপনের পূর্ব পর্যন্ত উপরে প্রদত্ত জেনারেটর ও জ্বালানী ব্যয় সংক্রান্ত সুবিধা বহাল থাকবে।”

০৩। এছাড়া উপর্যুক্ত সার্কুলারে নিম্নোক্ত ছক মোতাবেক একটি রেজিস্টার সংরক্ষণ করার নির্দেশনা রয়েছে:

## জেনারেটর ভাড়া ও জ্বালানী খরচের রেজিস্টার

ক্রঃ নং	জেনারেটর ভাড়ার	বিবরণ (কার্যদিবস অনুসারে)									জেনারেটর ভাড়া ও জ্বালানী খরচকারী		শাখা ব্যবস্থাপকের স্বাক্ষর	মন্তব্য
		তারিখ ও দিন	জেনারেটর চালু করার সময়	জেনারেটর বন্ধ করার সময়	জেনারেটর চালু কাশীন সময়	দৈনিক জেনারেটর চালু কাশীন মোট সময়	জ্বালানী খরচ হার (প্রতি ঘণ্টায়)	দৈনিক মোট জ্বালানী খরচ	দৈনিক জেনারেটর ভাড়া	মোট খরচ	নাম ও পদবী	স্বাক্ষর		
১	২	৩	৪	৫ (৪-৩)	৬	৭	৮ (৬×৭)	৯	১০ (৮+৯)	১১	১২	১৩	১৪	

০৪। উপর্যুক্ত সার্কুলারের নির্দেশনা ব্যাংকের সকল কম্পিউটারাইজড শাখার জন্য প্রযোজ্য হবে।


  
(মোঃ মিজানুর রহমান)  
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/আইসিটিবি-১৪/২০১৬-২০১৭/ ৬৫৯ (৪৫৯)

তারিখ: ০৯-০৫-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। প্রজেক্ট ডাইরেক্টর, এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ১০। ব্যবস্থাপক এলপিও/ঢাকা কর্পোরেট শাখা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। অফিস নথি।

  
(মোঃ আবুল কালাম)

সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (সমব্যা)